# বাংলাদেশ উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার সমিতি (এডহক)

## Bangladesh Upazila Project Implementation Officers Association (Ad-Hoc)

প্রধান কার্যালয়ঃ ইনস্টিটিউশন অব ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্স বাংলাদেশ, ১৬০/এ, কাকরাইল, ঢাকা-১০০০

অস্থায়ী কার্যালয়ঃ দুর্যোগ ব্যবস্থাপনা অধিপ্তর, ৯২-৯৩, মহাখালী, ঢাকা-১২১২।

---

সভার আহবায়ক : জনাব মোঃ জালাল উদ্দীন

সভার স্থান : দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের সভাকক্ষ

সভার তারিখ : ০৬/১০/২০২৫ খ্রি.

সময় : সকাল ১১.০০ ঘটিকা।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট 'ক' তে দেখানো হলোঃ

সভার শুরুতেই সম্মানিত সকল সদস্যকে স্বাগত জানানো হয়। স্বাগত বক্তব্যঃ জনাব মোঃ জালাল উদ্দীন, আহবায়ক, এডহক কমিটি, উপস্থিত নির্বাচন কমিশনসহ, সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি জানান বাংলাদেশ উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার সমিতির মেয়াদ উত্তীর্ণ হওয়ায় গঠনতন্ত্র অনুযায়ী গত ২৭/০৯/২০২৫ তারিখে সভার মাধ্যমে এডহক কমিটি এবং নির্বাচন কমশিন গঠন করেন। তিনি জানান একটি গ্রহণযোগ্য ও শক্তিশালী কমিটি গঠনের নিমিত্তে, হালনাগাদ নির্ভুল ভোটার তালিকা প্রনয়ণ, মনোনয়ন পত্র তৈরি, সুবিধাজনক সময়ে নির্বাচনের তারিখ নির্ধারণ ও গঠনতন্ত্রের অনুচ্ছেদঃ-০৮ (ক) এর ০১ অনুযায়ী সকল সদস্যের বার্ষিক চাঁদা ১০০০/-( এক হাজার ) টাকা আদায়ের বিষয়ে মতামত আহবান করা হয় এবং এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।

জনাব মোহাম্মদ তারিকুল ইসলাম, সদস্য, এডহক কমিটি, ঢাকা বিভাগ তিনি জানান যে, বাংলাদেশ উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার সমিতির গঠনতন্ত্র অনুযায়ী ইনস্টিটিউট অব ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্স বাংলাদেশ এর সাধারন সম্পাদক পদাধিকার বলে উপদেষ্টা পরিষদের একজন সদস্য, এপ্রেক্ষিতে সমিতির নির্বাচনের বিষয় আইডিইবি-কে অবহিত করা প্রয়োজন। এছাড়া খসড়া ভোটার তালিকা ও মনোনয়ন পত্র তৈরি এবং নির্বাচনের সম্ভাব্য তারিখ নির্ধারন করার বিষয়ে প্রস্তাব রেখে তার বক্তব্য শেষ করেন।

জনাব মেশকাতুর রহমান মোল্লা, সদস্য, এডহক কমিটি, চট্রগ্রাম বিভাগ তিনি জানান যে, গঠনতন্ত্র অনুসারে বাংলাদেশ উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার সমিতির নির্বাচন-২০২৫ এর বিষয়ে উপদেষ্টা কমিটির সাথে পরামর্শ করে নির্বাচনের তারিখ ঠিক করা প্রয়োজন এবং প্রয়োজনে উপদেষ্টা কমিটির সাথে সভা করে পরামর্শ নেয়া যেতে পারে। এছাড়া সদস্যদের নিকট হতে সমিতির বকেয়া চাঁদা বাবদ বিগত কয়েক বছরের বার্ষিক চাঁদা আদায়ের ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে এবং নভেম্বর মাসের শেষের দিকে নির্বাচনের তারিখ নির্ধারনের প্রস্তাব রেখে, তার বক্তব্য শেষ করেন।

জনাব মনিরুজ্জামান মনির, সদস্য, এডহক কমিটি, রাজশাহী বিভাগ তিনি জানান যে, বাংলাদেশের সকল উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসারগণ এই সমিতির সম্মনিত সদস্য, যেহেতু দীর্ঘ প্রতীক্ষার পরে আমাদেরকে দায়িত্ব দিয়েছে সেহেতু যত দ্রুত সম্ভব খসড়া ভোটার তৈরির পূর্বক সদস্যদের নিকট থেকে সমিতির বকেয়া চাঁদা বাবদ বার্ষিক চাঁদা ১০০০/- (এক হাজার) টাকা হারে বিগত ০৩ (তিন) বছরের বকেয়া ৩০০০/- (তিন হাজার) টাকা চাঁদা আদায়ের ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে। চাঁদা আদায়ের ক্ষেত্রে

সকল জেলার, সদর উপজেলার উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা এবং জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তাকে সংশ্লিষ্ট জেলার চাঁদা সংগ্রহ করে এডহক কমিটি বরাবর প্রেরণের প্রস্তাব রেখে তার বক্তব্য শেষ করেন।

জনাব মোহাম্মদ হাফিজুর রহমান, প্রধান নির্বাচন কমিশনার জানান যে, নির্বাচনে খসড়া/চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশসহ বিভিন্ন সময় বিভিন্ন নির্দেশনা ও তথ্যাদি প্রকাশ করতে হয়। এক্ষেত্রে একটি নির্ধারিত প্লাটফর্ম থাকলে ভাল হয়। যেহেতু বাংলাদেশ উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার সমিতির কোন ওয়েব সাইট ইতোপূর্বে প্রস্তুত করা হয়নি, সেহেতু সমিতির নামে একটি ওয়েব সাইট খোলা হলে নির্বাচনকালীন সময়ে ওয়েব সাইটটি নির্বাচনের কাজে ব্যবহার করা যাবে এবং নির্বাচন শেষে ওয়েব সাইটটি সমিতির কাজে ব্যবহার করতে পারবে। এছাড়া তিনি আরও জানান, ইলেকট্রনিক ভোটিং এর মাধ্যমে খুব সহজে ভোটদানের সময়সহ ব্যালট কাস্টিং, গণনা ও ফলাফল প্রকাশ করা যায়। এক্ষেত্রে ইলেকট্রনিক ভোটিং এর মাধ্যমে নির্বাচন পরিচালনার বিষয়ে প্রস্তাব রেখে তার বক্তব্য শেষ করেন।

জনাব মোঃ জাহিদ হাসান, নির্বাচন কমিশনার জানান যে, সমিতির যে সকল সদস্য ভর্তি ফরম পূরণ করে সদস্যপদ গ্রহণ করেননি তারা খসড়া ভোটার তালিকা তৈরীর পূর্বে ফরম পূরণ করে সদস্য পদ গ্রহনের জন্য আবেদন করতে পারে এবং বিগত কয়েক বছরের বার্ষিক চাঁদা ১০০০/- (এক হাজার) টাকা হারে পরিশোধের করার বিষয়ে প্রস্তাব রেখে তার বক্তব্য শেষ করেন।

জনাব মোঃ আরিফুল হাসান, নির্বাচন কমিশনার জানান যে, নির্বাচনের কেন্দ্র যতো কম রাখা যায় ততো সুবিধা হবে। প্রয়োজনে একটি কেন্দ্র করলে বেশি ভালো হয়। নির্বাচনের কেন্দ্র নির্ধারনের বিষয়ে প্রস্তাব রেখে তার বক্তব্য শেষ করেন।

জনাব মোঃ মতিউর রহমান, সদস্য, এডহক কমিটি, খুলনা বিভাগ তিনি জানান যে, বাংলাদেশের সকল উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসারগণ এই সমিতির সম্মানিত সদস্য, দীর্ঘ প্রতিক্ষার পর নির্বাচন অনুষ্ঠিত হতে যাচ্ছে তাই দ্রুত খসড়া ভোটার তালিকা তৈরী পূর্বক সদস্যদের কাছ থেকে সমিতির বকেয়া বার্ষিক চাঁদা আদায়ের ব্যবস্থা গ্রহণ এবং নির্বাচনের সম্ভাব্য তারিখ নির্ধারনে প্রস্তাব রেখে তার বক্তব্য শেষ করেন।

জনাব মোঃ মুনিমুল হক, সদস্য, এডহক কমিটি, রংপুর বিভাগ তিনি জানান যে, গঠনতন্ত্রানুযায়ী সদস্যদের খসড়া ভোটার তালিকা প্রকাশের বিষয়ে উপস্থাপন করেন। এছাড়া অন্যান্য বিষয়ে যেহেতু ইতোপূর্বে আলোচনা হয়েছে। সেহেতু তিনি কথাগুলোর পুনরাবৃত্তি না করে অবাধ, সুষ্ঠু, ন্যায্য ও স্বচ্ছ নির্বাচনের ব্যাপারে আশাবাদ ব্যক্ত করে তার বক্তব্য শেষ করেন।

<u>**সিদ্ধান্ত:-**</u>

১. সমিতির গঠনতন্ত্র অনুযায়ী বৈধ ভোটার তালিকা প্রস্তুত করতে হবে।

২. সমিতির বকেয়া চাঁদা বাবদ বার্ষিক চাঁদা ১০০০/- (এক হাজার) টাকা হারে বিগত ০২ (দুই) বছরের বকেয়া ২০০০/- (দুই হাজার) টাকা চাঁদা আদায়ের ব্যবস্থা গ্রহণ করা করতে হবে। সকল উপজেলা হতে চাঁদা আদায়ের জন্য সদর উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা বরাবরে একটি পত্র জারি করতে হবে এবং জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তাকে অবহিত করতে হবে।

৩. বাংলাদেশ উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার সমিতির নামে ওয়েব সাইট তৈরী করতে হবে। উক্ত ওয়েব সাইটটি নির্বাচনকালীন সময়ে নির্বাচনের কাজে ব্যবহৃত হবে এবং নির্বাচন শেষে ওয়েব সাইটটি সমিতির কাজে ব্যবহৃত হবে।

৪. অনুষ্ঠিতব্য নির্বাচনের বিষয়টি ইনস্টিটিউট অব ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্স বাংলাদেশ (আইডিইবি) কে অবহিত করতে হবে।

৫. উপদেষ্টা কমিটির সাথে এডহক কমিটি ও নির্বাচন কমিশন এর একটি সভা করার সিদ্ধান্ত হয়।

CamScanner

সভায় আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

০৬/১০/২৫

(মোঃ জালাল উদ্দীন )
আহবায়ক, (এডহক)
কেন্দ্রীয় নির্বাহী পরিষদ
মোবাইল নং- ০১৭১৫২৮৭৬০০
E-mail: jalaluddinpio@gmail.com

স্মারক নং-৫১.০১.০০০.০২৫.০১৪.০০১.১৪-৬২ তারিখ: ০৬/১০/২০২৫ খ্রিঃ।

**অনুলিপি : সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয় )-**

১। মন্ত্রীপরিষদ সচিব, মন্ত্রী পরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব/ সিনিয়র সচিব, ......................... মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ৯২-৯৩, মহাখালী, ঢাকা-১২১২।
৪। অতিরিক্ত সচিব, ........................... মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। বিভাগীয় কমিশনার, ............................. বিভাগ।
৬। মহামান্য রাষ্ট্রপতির একান্ত সচিব, বঙ্গভবন, ঢাকা (মহামান্য রাষ্ট্রপতির সদয় অবগত করণার্থে);
৭। মাননীয় প্রধান উপদেষ্টার একান্ত সচিব, ঢাকা (মাননীয় প্রধান উপদেষ্টার সদয় অবগত করণার্থে);
৮। মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় উপদেষ্টার সদয় অবগত করণার্থে);
৯। যুগ্ম সচিব, ....................................................., বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
১০। পরিচালক, ....................... দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ৯২-৯৩, মহাখালী, ঢাকা;
১১। জেলা প্রশাসক, ............... জেলা;
১২। সভাপতি/সাধারণ সম্পাদক, ইনস্টিটিউশন অব ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্স, বাংলাদেশ, ১৬০/এ, কাকরাইল, ঢাকা;
১৩। সভাপতি/সাধারণ সম্পাদক, জেলা ত্রাণ ও পুনবার্সন অফিসার কল্যাণ সমিতি, বাংলাদেশ ঢাকা;
১৪। জেলা ত্রাণ ও পুনবার্সন কর্মকর্তা................ জেলা;
১৫। উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা: ........... জেলাঃ ....................;
১৬। উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, উপজেলাঃ ........... জেলাঃ ....................;

CamScanner